গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd

**বিষয়: আসন্ন উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষা-২০২৫ সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে মনিটরিং ও আইনশৃঙ্খলা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার, মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয় |
| তারিখ | : ২৮ মে, ২০২৫ খ্রি. |
| সময় | : বেলা ১০:৩০ টা |
| স্থান | : সভাকক্ষ (কক্ষ নম্বর-১৮১৫) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২৫ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে সম্পন্নের লক্ষ্যে মনিটরিং ও আইনশৃঙ্খলা সভার কার্যক্রম শুরু করেন। সভার সূচনা বক্তব্যে সভাপতি বলেন যে, আগামী ২৬ জুন, ২০২৫ তারিখ হতে সারাদেশে একযোগে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), আলিম, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ, একাদশ ও দ্বাদশ শ্রেণির ডিপ্লোমা-ইন-কমার্স, এইচএসসি (ভোকেশনাল) এবং এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষা শুরু হতে যাচ্ছে। গত এসএসসি ও সমমান পরীক্ষার অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে সবার সহযোগিতা সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরীক্ষা অনুষ্ঠানের উপর গুরুত্বারোপ করেন। অতঃপর তিনি অদ্যকার আলোচ্য বিষয় উপস্থাপনের অনুরোধ জানান।

<u>উপস্থাপনা ও আলোচনা:</u>

০২। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সভার কার্যক্রম পরিচালনা করেন। শুরুতেই তিনি এসএসসি ও সমমান পরীক্ষা-২০২৫ এর অভিজ্ঞতার আলোকে এইচএসসি ও সমমান পরীক্ষা-২০২৫ সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। গত এসএসসি ও সমমান পরীক্ষায় কোন কোন কেন্দ্রে বাহিরের বিশৃঙ্খলার কারণে পরীক্ষা নিতে দেরি হয়েছে মর্মে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এর নিকট জানতে চান। সভাপতি, বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি' ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা সভায় অবহিত করেন, যে সব কেন্দ্রে বিশৃঙ্খলা দেখা দিয়েছে আমরা সাথে সাথে ব্যবস্থা নিয়েছি এবং এ বিষয়ে আগামীতে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে কর্মশালার আয়োজন করে আমরা কতিপয় নির্দেশনা প্রদান করব।

০৩। সিনিয়র সচিব মহোদয় সভাকে অবহিত করেন কোন পরীক্ষার্থী পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পরে আসলে তার জন্য কী হবে। এ বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বলেন, এক্ষেত্রে এমসিকিউ এবং সিকিউ এক সাথে দেয়া যেতে পারে অথবা দুই বিষয়ের নম্বর এক সাথে যোগ করে পাশের ব্যবস্থা রাখা যেতে পারে। এছাড়া সিনিয়র সচিব মহোদয় বলেন, এমসিকিউ আগে দিবেন ২০ মিনিট পর সিকিউ পাশে রেখে দিবেন। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বলেন, দৃষ্টিপ্রতিবন্ধীদের বিষয়ে কমন একটা নির্দেশনা থাকা জরুরী। হিজাবধারী এবং নেকাবধারী পরীক্ষার্থীদের যেন মহিলা ইনভিজিলেটর চেক করে তা নিশ্চিত করতে হবে। সর্বত্র শিক্ষকদের একটা নৈতিক মান পরে গেছে এটা কিভাবে উন্নীত করা যায় তা ঠিক করতে হবে। এই জায়গা থেকে উত্তরণ হতে হবে। আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষা-২০২৫ যেন আমরা মান ধরে রাখতে পারি আমরা সকলেই সেই চেষ্টা করবো।

০৪। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বলেন, বিজি প্রেস থেকে প্রশ্নপত্রের তিনটি খাম খালি পাওয়া গেছে। খামগুলোতে ২০টি প্রশ্নপত্র থাকে তাই অনেক সময় ওয়েট আন্দাজ করে বোঝার উপায় থাকে না। ২০টি প্রশ্নপত্র ফয়েল খামে থাকে সেটি হাতে নিয়ে বোঝার উপায় থাকে না। যেহেতু খামের মুখ বন্ধ করা থাকে তাই খামের ভিতরে প্রশ্নপত্র আছে কি না চেক করে নেওয়ার সুযোগ নেই। এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় ওজন মাপার যন্ত্র ব্যবহারের পরামর্শ প্রদান করেন। আমরা কাউকে দোষারোপ করব না পদ্ধতি অবলম্বন করব। সবাই সর্তকতার সাথে কাজ করলে এবং পদ্ধতি অবলম্বন

করলে এর সমাধান বের করা সম্ভব হবে বলে আমি মনে করি। বিটিআরসি'র প্রতিনিধি বলেন, যেখানে প্রশ্নপত্রের সেট গুলো করা হয়েছে সেখানে যদি ক্যামরা গুলো চেক করা যায় তাহলে প্রকৃত অপরাধী বের হবে এবং প্রশ্নপত্র উদ্ধার করা সম্ভব হবে। পরবর্তীতে এগুলো আর অসাধু চক্রের হাতে পৌছাতে পারবে না। বিজি প্রেসের উপপরিচালক বলেন, বোর্ডগুলোকে আমরা যথেষ্ট সময়ে দিয়ে প্রশ্নপত্র বুঝিয়ে দিই বা তারা সর্টিং করে নেয়। তারপরও আমরা আরও সর্তকতা অবলম্বন করে কাজের নির্দেশনা প্রদান করব। বিজি প্রেসের উপপরিচালক প্রশ্নপত্র ভুলের বিষয়ে কয়েকটি সমস্যার কথা সভায় অবহিত করেন:

ক) হাতে লেখা খারাপ
খ) একটির সাথে অন্যটি হুবহু মিলে যায়
গ) ণ-ত্ব বিধান এবং ষ-ত্ব বিধানে ভুল থাকে
ঘ) গণিতে ভুল থাকে

মডারেটরের সাথে ঢাকা শিক্ষা বোর্ড মিলে যদি কর্মশালার আয়োজন করা যায় তাহলে ভূল অনেকাংশে কমে আসবে বলে তিনি মনে করেন এবং বোর্ড গুলোকে গুণগত মানের কাগজ সরবরাহের জন্য অনুরোধ জানান।

০৫। সিনিয়র সচিব মহোদয় বলেন কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা যেন কোনো ভাবেই এ্যান্ড্রয়েড ফোন ব্যবহার করতে পারবে না। কথা বলার জন্য সাধারণ ফিচার ফোন ব্যবহার করবেন। সশস্ত্র বাহিনীর প্রতিনিধি বলেন, সেনাবাহিনী যেহেতু মাঠে আছে সিভিল প্রশাসন যত ধরনের সহযোগিতা চায় বাংলাদেশ সশস্ত্র বাহিনী সর্বোচ্চ সহযোগিতা করবে। জাতীয় গোয়েন্দা সংস্থা (এনএসআই) প্রতিনিধি বলেন, অনেক সময় তথ্য পেতে দেরি হয় সেক্ষেত্রে ব্যবস্থা নিতে দেরি হয়ে যায়। যদি মন্ত্রণালয়, বোর্ড এবং সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা বাহিনীর সমন্বয়ে একটি whatsapps Group খোলা যায় তাহলে অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে আমরা দ্রুত ব্যবস্থা নিতে পারব। কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বলেন, গত এসএসসি পরীক্ষায় নোয়াখালী থেকে উত্তরপত্র আসতে দেরি হয়েছে। ডাক বিভাগের মেইল ট্রেন কোন কারণে পরের দিন যায়নি বিধায় দেরি হয়েছে। এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় বলেন, যে ডাক পাঠালো তাকে খোঁজ নিতে হবে ডাক পৌছালো কিনা? এটা তার দায়িত্বে মধ্যে পরে। এ বিষয়ে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করতে হবে। ডাক বিভাগের প্রতিনিধি বলেন, ডাক বিভাগ আগামীতে সর্তকতার সাথে দায়িত্ব পালন করবে। যাতে উত্তরপত্র নির্বিঘ্নে এবং দ্রুত সময়ের মধ্যে বোর্ডে পৌছাতে পারে। বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি বলেন, কে কখন কত টাকা লেনদেন করে তা ভেন্ডরগণ মনে রাখতে পারে না বা তাদের খেয়াল থাকে না। বাংলাদেশ ব্যাংককে কেন্দ্রীয় ভাবে মনিটরিং করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি বলেন, দুই বিভাগের সিনিয়র সচিব এবং সচিব মহোদয়ের সাথে জেলা প্রশাসকগণের মত বিনিময় সভা ঈদের পরে এবং সম্ভাব্য ১৮ বা ১৯ জুন, ২০২৫ তারিখ হলে ভালো হয় বলে তিনি মতামত ব্যক্ত করেন। পর্যায়ে ঢাকা শিক্ষা বোর্ডের কন্ট্রোলার তথ্য উপাত্তসহ কার্যপত্র ক্রমিক অনুসারে পর্যায় ক্রমে উপস্থাপন করেন। আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষার প্রস্তুতি হিসেবে সভায় অংশগ্রহণকারী সকল শিক্ষাবোর্ডের চেয়ারম্যানসহ উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তা এবং গোয়েন্দা সংস্থার সদস্যগণ আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষা-২০২৫ সুষ্ঠুভাবে ও নির্বিঘ্নে অনুষ্ঠানের লক্ষ্যে তাঁদের মতামত/পর্যবেক্ষণ উপস্থাপন করেন।

০৬। **সিদ্ধান্ত:** এইচএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে সম্পন্নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৬.১ (ক) পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে আসন গ্রহণ করতে হবে।

(খ) অনিবার্য কারণে কোন পরীক্ষার্থীকে এর পরে প্রবেশ করতে দিলে রেজিস্টারে তাদের নাম, রোল নম্বর, প্রবেশের সময় ও বিলম্বের কারণ উল্লেখ করতে হবে। বিলম্বে আসা পরীক্ষার্থীদের তালিকা প্রতিদিন কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট বোর্ডকে অবহিত করবেন।

(গ) পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পর কোন পরীক্ষার্থীর পরীক্ষা কেন্দ্রে প্রবেশ বা পরীক্ষা গ্রহণে অনুমতি প্রদান করা যাবে না। কেউ দেরিতে আসলে বাড়তি সময় পাবে না।

৬.২ অনিবার্য কারণবশতঃ বা প্রাকৃতিক দুর্যোগের কারণে অথবা পরীক্ষা গ্রহণকারী সংশ্লিষ্টদের জন্য কোন কেন্দ্রে বা কেন্দ্রের কোন কক্ষে পরীক্ষা বিলম্বে শুরু হলে যত মিনিট পরে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদের ততটুকু সময় প্রদান করতে হবে।

৬.৩ ক) প্রত্যেক কেন্দ্রের জন্য একজন করে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/কর্মকর্তা (ট্যাগ অফিসার) নিয়োগ দিতে হবে।

খ) ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর মনোনীত উপযুক্ত প্রতিনিধি ট্যাগ অফিসারসহ প্রশ্নপত্র গ্রহণ করে পুলিশ প্রহরায় কেন্দ্রে নিয়ে যাবেন।

গ) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট/কর্মকর্তা (ট্যাগ অফিসার)-এর উপস্থিতি ব্যতীত প্রশ্নপত্র ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে বের করা যাবে না বা বহন করা যাবে না।

ঘ) ট্যাগ অফিসার এর পুত্র/কন্যা/পোষ্য কেউ পরীক্ষার্থী থাকলে তাকে সংশ্লিষ্ট কেন্দ্রে দায়িত্ব প্রদান করা যাবে না।

৬.৪ ঢাকা মহানগরীতে ট্যাগ অফিসার মনোনয়ন দেওয়ার জন্য জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর চাহিদা প্রেরণ করবে।

৬.৫ ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে প্রশ্নপত্র গ্রহণ ও পরিবহন কাজে নিয়োজিত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারীগণ কোন ফোন ব্যবহার করতে পারবেন না এবং প্রশ্নপত্র বহন কাজে কালো কাঁচযুক্ত মাইক্রোবাস বা এরূপ কোন যানবাহন ব্যবহার করা যাবে না। প্রশ্নপত্র বহন কাজে স্বচ্ছ কাঁচযুক্ত মাইক্রোবাস বা এরূপ কোন যানবাহন ব্যবহার করবেন।

৬.৬ প্রশ্নপত্র ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত থেকে গ্রহণ, কেন্দ্রে প্রেরণ ও পরীক্ষা কক্ষে বিতরণ সংক্রান্ত সকল কার্যক্রম পরীক্ষা সংক্রান্ত কার্যাবলি ম্যানুয়ালে অন্তর্ভুক্ত করতে হবে। প্রশ্নপত্র গ্রহণের সময় সংশ্লিষ্ট কর্মকর্তা এ ম্যানুয়াল অবশ্যই সাথে রাখবেন এবং ম্যানুয়াল অনুযায়ী প্রতিটি কাজ সঠিকভাবে প্রতিপালিত হয়েছে কি না তা নিশ্চিত করবেন।

৬.৭ জেলার ক্ষেত্রে ট্রেজারি এবং উপজেলার ক্ষেত্রে উপজেলাস্থ থানার লকার/মালখানায় প্রশ্নপত্রের ট্রাংক যথাযথ নিরাপত্তার সাথে সংরক্ষণ করতে হবে। ট্রেজারিতে রক্ষিত প্রশ্নপত্র পরীক্ষা শুরুর অন্তত: ৩ দিন পূর্বে দিন ভিত্তিক ও সেট ভিত্তিক সর্টিং করে সিকিউরিটি খামে সংরক্ষণ করতে হবে।

৬.৮ জেলা ট্রেজারিতে একজন অতিরিক্ত জেলা প্রশাসকের উপস্থিতিতে প্রশ্নপত্র সর্টিং করতে হবে এবং বিষয় ও দিন ভিত্তিক একই সেটের সকল প্রশ্ন একটি বড় খামে প্যাকেটজাত করে নিরাপত্তা টেপ লাগাতে হবে। শিক্ষা বোর্ডসমূহ ইতোমধ্যে বড় খাম ও সিকিউরিটি টেপসহ আনুষঙ্গিক জিনিসপত্র জেলা প্রশাসকগণকে সরবরাহ করেছে।

৬.৯ ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত থেকে প্রশ্ন কেন্দ্রে পৌঁছানোর জন্য দূরত্ব অনুযায়ী বেশি সময় আগে প্রশ্ন না এনে প্রয়োজনীয় সময় নির্ধারণ করে প্রশ্নপত্র সংগ্রহ করতে হবে।

৬.১০ ক) ট্রেজারি/ থানা/ নিরাপত্তা হেফাজত হতে পরীক্ষার কেন্দ্রে বহনির্বাচনী প্রশ্নসহ রচনামূলক/ সৃজনশীলের সকল সেট প্রশ্নই নিতে হবে।

খ) প্রশ্নের সেট কোড পরীক্ষা শুরুর ২৫ মিনিট পূর্বে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেট কোডে পরীক্ষা গ্রহণ করতে হবে।

গ) কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ট্যাগ অফিসার), কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং পুলিশ কর্মকর্তার উপস্থিতি ও স্বাক্ষরে নির্ধারিত সেট কোড নিশ্চিত হয়ে বিধি অনুযায়ী প্রশ্নের প্যাকেট খুলতে হবে। অন্য সেটের প্রশ্নপত্র টেবিল থেকে সরিয়ে ট্রাংকে সংরক্ষণ করতে হবে।

ঘ) প্রতিদিন পরীক্ষা শেষে **ঐ দিনের প্রেরিত সেট কোড সম্বলিত এসএমএস সে দিনই মোবাইল থেকে মুছে ফেলতে হবে।**

৬.১১ এমসিকিউ পরীক্ষা শেষ হওয়ার ১০ মিনিট আগে সিকিউ পরীক্ষার প্রশ্নপত্র সরবরাহ করতে হবে।

ক) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। তারা এনড্রয়েড ফোন ব্যবহার করতে পারবেন না।

খ) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত পরীক্ষা কেন্দ্রে অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবেন না।

গ) অননুমোদিত ফোন বা ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬.১২ সকল বোর্ডের পক্ষ থেকে কয়েকটি বহুল ব্যবহৃত non-programmable ক্যালকুলেটরের মডেল উল্লেখ করে বিজ্ঞপ্তি দিতে হবে।

৬.১৩ পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের মোবাইল, মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম এবং পরীক্ষা কেন্দ্রে ব্যবহারের অনুমতিবিহীন যে কোন ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার নিষিদ্ধ থাকবে। নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে তাৎক্ষণিক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬.১৪ ক) পরীক্ষা চলাকালীন এবং পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে বা পরে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট কাজে নিয়োজিত ব্যক্তিগণ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

খ) পরীক্ষা কেন্দ্রের আশেপাশে ১৪৪ ধারা জারী থাকবে। পরীক্ষা কেন্দ্রে প্রবেশকারী অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬.১৫ পরীক্ষা কেন্দ্রে ও প্রশ্ন পরিবহনের সময় দায়িত্বপ্রাপ্ত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা সতর্কতার সাথে দায়িত্ব পালন করবেন।

৬.১৬ প্রশ্নপত্র ফাঁস কিংবা পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থীদের নিকট নকল সরবরাহে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও জেলা প্রশাসন কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করবে।



৬.১৭ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত গুজব কিংবা এ কাজে তৎপর চক্রগুলোর কার্যক্রমের বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সরকারের সংশ্লিষ্ট বিভাগসমূহ নজরদারি জোরদার করবে।

৬.১৮ পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের আশেপাশে পরীক্ষার পরিবেশ বিঘ্নিত হয় এরূপ কোন রাজনৈতিক কর্মসূচি, সভা-সমাবেশ ইত্যাদির অনুমোদন দেওয়া যাবে না। এ বিষয়ে স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬.১৯ সাইবার সংক্রান্ত অভিযোগের ক্ষেত্রে সার্বক্ষণিক যোগাযোগের জন্য সাইবার পুলিশ সেন্টার, সিআইডি, বাংলাদেশ-এর হটলাইনে যোগাযোগ করতে পারেন। এছাড়াও, সিআইডির অফিসিয়াল ভেরিফাইড ফেসবুক পেইজে অথবা লিংকে অথবা ই-মেইলে যেকোনো অভিযোগ বা তথ্য দিয়ে সহযোগিতা করতে পারেন।

৬.২০ প্রত্যেক বিষয়ের পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে যত দ্রুত সম্ভব MCQ শিট, উত্তরপত্রের টপশিট এবং উত্তরপত্র নিকটস্থ ডাক বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করার জন্য বোর্ডসমূহ পরীক্ষা কেন্দ্রগুলোকে নির্দেশনা প্রদান করবে।

৬.২১ কোন প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক কোনোভাবে পাবলিক পরীক্ষায় বেআইনি কোন কাজ করলে সে প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান, শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রয়োজনে পরীক্ষা কেন্দ্র বাতিল করা হবে। দোষী শিক্ষক ও কর্মচারীগণ সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হলে তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হলে তার এমপিও স্থগিত করে তাকে চাকরি হতে বরখাস্ত করার জন্য ম্যানেজিং কমিটিকে বলা হবে। ম্যানেজিং কমিটি দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ব্যর্থ হলে প্রয়োজনে কমিটি বাতিল করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

৬.২২ যদি কোন মোবাইল নম্বরে একাধিকবার একই অঙ্কের টাকা অথবা সন্দেহজনক লেনদেন হয় তাহলে সংশ্লিষ্ট এজেন্ট/ভেন্ডার নিকটস্থ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করবে। একইসাথে মোবাইল ব্যাংকিং পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ কেন্দ্রীয়ভাবে সন্দেহজনক লেনদেন নির্ণয় করে নিকটস্থ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে নির্দেশনা জারি করতে হবে।

৬.২৩ প্রশ্নপত্র ছাপানোর সাথে সম্পৃক্ত বিজি প্রেসের সকল কর্মকর্তা/কর্মচারীকে গোয়েন্দা নজরদারিতে রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানাতে হবে।

৬.২৪ ক) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ২০ জুন ২০২৫ তারিখ হতে ১৫ আগস্ট ২০২৫ তারিখ পর্যন্ত সব ধরনের কোচিং সেন্টার বন্ধ থাকবে। এ বিষয়ে পরীক্ষা শুরুর কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে বোর্ডসমূহ বিজ্ঞপ্তি প্রকাশ করবে/প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

খ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিনামূল্যে এ বিষয়ে বিটিভিসহ বেসরকারি টিভি চ্যানেলসমূহে বিজ্ঞপ্তি প্রচার করবে/স্ক্রলে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

৬.২৫ এইচএসসি ও সমমান পরীক্ষা ২০২৫ উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ে কন্ট্রোল রুম খোলা হবে। কন্ট্রোল রুমের টেলিফোন ও ই-মেইল ঠিকানা এবং পরীক্ষা সংক্রান্ত কিছু নির্দেশনা সর্বসাধারণের অবগতির জন্য টেলিভিশনে সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও বিটিআরসি বরাবর পত্র প্রেরণ করতে হবে। শিক্ষা বোর্ডসমূহের পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষের সাথে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রগুলো অনলাইনে সার্বক্ষণিক তথ্য আদান প্রদান করবে।

৬.২৬ অভিভাবক ও শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধির জন্য সকল মোবাইল ব্যবহারকারীদের নিকট এসএমএস পাঠানোর জন্য সভাপতি, আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ড কন্টেন্ট তৈরি করে বিটিআরসি কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

৬.২৭ পাবলিক পরীক্ষা নিয়ে ফেইসবুক, ইন্সটাগ্রাম, ইউটিউবসহ অন্যান্য সকল সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্ন ফাঁসের গুজব সৃষ্টিকারীদের পেইজ দ্রুত বন্ধের জন্য ফেসবুকসহ অন্যান্য কর্তৃপক্ষের সাথে বিটিআরসি প্রয়োজনীয় যোগাযোগ করবে।

৬.২৮ বিগত পাবলিক পরীক্ষাসমূহের ন্যায় এবছরও পরীক্ষাসমূহের OMR শিট, উত্তরপত্রের টপশিট এবং উত্তরপত্র প্রেরণের জন্য ডাক বিভাগ সাপ্তাহিক ছুটির দিনেও সার্বিক সহযোগিতা প্রদান করবে।

৬.২৯ পরীক্ষা সংক্রান্ত মন্ত্রণালয়ের গৃহীত সকল সিদ্ধান্ত কেন্দ্র পর্যায়ে অবহিত করার জন্য শিক্ষা বোর্ডসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬.৩০ পরীক্ষার কেন্দ্রগুলোতে বর্ষাকালে বিদ্যুৎ চলে গেলে পরীক্ষার্থীদের লেখায় বিঘ্নের সৃষ্টি হয়। তাই বিষয়টি উল্লেখ করে কেন্দ্রসমূহে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে বিদ্যুৎ বিভাগকে পত্র দেয়া হবে ।

৬.৩১ পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য জেলা প্রশাসন, আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি বাংলাদেশ সেনাবাহিনীও দায়িত্ব পালন করবে।

৬.৩২ সাইবার সংক্রান্ত অভিযোগের বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগের লক্ষ্যে পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিগণ সাইবার পুলিশ সেন্টার, সিআইডি, বাংলাদেশ-এর হটলাইন (নম্বর-০১৩২০০১০১৪৮) নম্বরে ফোন করবেন।

৬.৩৩ প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী বোর্ডসমূহ তাদের বোর্ডের অধীন এইচএসসি ও সমমান পরীক্ষা ২০২৫-এর কেন্দ্র সচিবদের নিয়ে কর্মশালার আয়োজন করবে।

৬.৩৪ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয় আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষা ২০২৫ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ২৬/০৬/২০২৫ তারিখের পূর্বেই সুবিধা মতো সময়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় করে সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণের সাথে ভার্চুয়ালি মতবিনিময় সভা করবেন।

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

০৪.০৬.২০২৫
অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার
উপদেষ্টা
শিক্ষা মন্ত্রণালয়

ইউও নম্বর: ৩৭.০০.০০০০.০৯১.১৮.০১৪.২৫- ৪৫০ তারিখ: ২১ জ্যৈষ্ঠ, ১৪৩২ / ০৪ জুন, ২০২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
০৮। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
১০। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি), আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা
১১-১৮। অতিরিক্ত সচিব/অনুবিভাগ প্রধান (প্রশাসন ও অর্থ/উন্নয়ন/পরিকল্পনা/বিশ্ববিদ্যালয়/কলেজ/মাধ্যমিক-১/মাধ্যমিক-২/নিরীক্ষা ও আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১৯-২০। অতিরিক্ত সচিব (কারিগরি/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২১। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই), ঢাকা
২২। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
২৩-২৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২৬। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা
২৭। ডিআইজি (অপারেশনস), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
২৮। ডিআইজি, সিপিসি (সিআইডি) ঢাকা
২৯। ডিআইজি, সিটিএসবি, ঢাকা
৩০। অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস), ডিএমপি হেডকোয়ার্টার্স, ঢাকা
৩১। অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি), ডিএমপি, ঢাকা

৩২-৩৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অপস), র‍্যাব সদর দপ্তর, ঢাকা

৩৪। সভাপতি, বাংলাদেশ আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

৩৫-৪২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী/দিনাজপুর/যশোর/বরিশাল/সিলেট/কুমিল্লা/চট্টগ্রাম/ ময়মনসিংহ

৪৩-৪৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

৪৫। জেলা প্রশাসক, ঢাকা

৪৬। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, ঢাকা

৪৭। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

৪৮। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

০৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

০৪। অফিস কপি

মোঃ ইয়ানুর রহমান
সিনিয়র সহকারী সচিব